

নং-০৫.০১.২৬৭২.১৪০.২৯.০৯৮.২১. ৪০

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৮  
০৮ ডিসেম্বর ২০২১

অফিস আদেশ


বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের পাঠ্যক্রমকে (Curriculum) মানসম্মত ও হালনাগাদকরণের উদ্দেশ্যে মডিউলভিত্তিক ২৪টি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটিসমূহের মডিউলভিত্তিক উপস্থাপনা (Presentation) এর সুপারিশমালার সমন্বয়ে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের Curriculum হালনাগাদ করার লক্ষ্যে ২ (দুই) দিনব্যাপী ওয়ার্কশপ আগামী ১২-১৩ ডিসেম্বর ২০২১ তারিখে সকাল ১১:৩০ টা হতে অনুষ্ঠিত হবে।

০২। উক্ত ওয়ার্কশপে মডিউলভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কমিটিসমূহ নির্ধারিত মডিউলের উপর Presentation প্রদান করবেন। প্রতিটি কমিটির Presentation এর জন্য ১৫ মিনিট (Presentation + Question and Answer) বরাদ্দ থাকবে এবং মডিউলের ক্রমধারা (যেমন: মডিউল-১, মডিউল-২) অনুযায়ী কমিটিসমূহকে স্ব-স্ব Presentation প্রদান করতে হবে।

০৩। এমতাবস্থায়, সংশ্লিষ্ট কমিটিসমূহকে যথোপযুক্ত প্রস্তুতি গ্রহণপূর্বক এবং কেন্দ্রের সকল অনুষদ সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। ওয়ার্কশপ সংশ্লিষ্ট অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট ওয়ার্কশপ ম্যানেজমেন্ট টিম কর্তৃক যথাসময়ে অবহিত করা হবে।

০৫। যথাযোগ্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



ড. মোঃ মহসীন আলী  
পরিচালক (পিপিআর)

টেলিফোন: ০২২২৪৪৪২২১২


ই-মেইল: ppr.bpatc@gmail.com

নং-০৫.০১.২৬৭২.১৪০.২৯.০৯৮.২১. ৪০

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৮  
০৮ ডিসেম্বর ২০২১

বিভরণ: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। অনুষদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা
- ২। পি.এস. টু রেকর্ডার, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেকর্ডার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। প্রোগ্রামার, বিপিএটিসি, সাভার, ঢাকা (বিপিএটিসি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। সংশ্লিষ্ট নথি।



ড. মোঃ মহসীন আলী  
পরিচালক (পিপিআর)